

**আতাউরকে আহ্বায়ক করে
 শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা
 পরিষদের কমিটি গঠন**

নিজস্ব-বার্তা পরিবেশক

শিক্ষা প্রতিষ্ঠানের সঠিক পরিবেশ ও পরিচালনা নিশ্চিত করতে উদ্ভাবনাত্মক অধ্যাদেশ বাতিলের দাবি জানানো হয়েছে। এ লক্ষ্যে আতাউর রহমানকে আহ্বায়ক করে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা সমন্বয় পরিষদ গঠন করা হয়েছে। বিগত উদ্ভাবনাত্মক সরকারের অগণতান্ত্রিক অধ্যাদেশের নেতিবাচক দিক তুলে ধরে আজ মঙ্গলবার রিপোর্টার্স ইউনিটিতে পরিষদ সংবাদ সম্মেলনের আয়োজন করবে।

ডিকারননিসা নূন স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি মোহাম্মদ আতাউর রহমানকে আহ্বায়ক উদয়ন স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি মীর নেওয়াজ আলী ও ডিকারননিসা নূন স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি ডা. মোহাম্মদ মুজিবুর রহমান হাওলাদার, মনিপুর উচ্চ বিদ্যালয়ের অভিভাবক প্রতিনিধি আনোয়ার হোসেন স্বপন, মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি বন্দুকার আসিফ হোসেনকে যুগ্ম আহ্বায়ক এবং মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের শিক্ষানুরাগী সদস্য সাঈদুল হোসেন সাহেদকে সদস্য সচিব করে একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

গত ৩১শে মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের এক মতবিনিময় সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। ডিকারননিসা নূন স্কুল এন্ড কলেজের নির্বাচিত অভিভাবক প্রতিনিধি মোহাম্মদ আতাউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অভিভাবক প্রতিনিধি, দাতা সদস্য, শিক্ষানুরাগী সদস্য ও শিক্ষক প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।